

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৬৬(আগরতলা ১০১০৪)

কুমারঘাট, ১০ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কুমারঘাটে ভোটগ্রহণ কর্মীদের মহড়া

আসন্ন অষ্টাদশ লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা কেন্দ্রের অন্তর্গত ৫০-পাবিয়াছড়া (এসসি) বিধানসভার ৫৯টি বুথের ভোটগ্রহণ কর্মীদের নিয়ে আজ দ্বিতীয় পর্যায়ের মহড়া কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উল্লেখিত বিধানসভার ৫৯টি বুথের জন্য মোট ৬৯টি ভোটগ্রহণ কর্মী দল গঠন করা হয়েছে। এরমধ্যে মহিলা পরিচালিত ২টি ভোটগ্রহণ কেন্দ্রের জন্য মোট ৩টি মহিলা ভোটগ্রহণ কর্মী দল গঠন করা হয়েছে। সর্বস্তরের ভোটগ্রহণ কর্মীদের নিয়েই আজ দুটি পর্যায়ে মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় উপস্থিত ছিলেন এআরও তথা ঊনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক দশরথ দেববর্মা, এআরও তথা কুমারঘাট মহকুমা শাসক এন এস চাকমা ও ডিসিএম অভিজিৎ কুমার দাস। মহড়ায় ভোটগ্রহণ কর্মীদের দায়িত্ব, কর্তব্য ও নিয়মাবলী নিয়ে আলোচনা করেন জেলাস্তরের মাস্টার ট্রেনার (ডিএলএমটি) ইঞ্জিনিয়ার নির্মল দে ও অধ্যাপক বিষ্ণুপদ সোম।

\*\*\*\*\*